

প্রার্থনা ।

দাও যা ভারত তোমার আশিষ
 নূতন আলোক-মন্ত্র,
 দিকে দিকে দিকে উঠুক ফুটিয়া
 জ্ঞানের গভীর তন্ত্র ।
 বিষাদ-বেদন-ব্যথিত হৃদয়ে—
 ফুটাও পুলক-ভাতি,
 হাসিয়া উঠুক নবীন গরিমা
 বুচে থাক ছঃখ-রাতি ।
 হৃদয় মোদের ফুটিয়া চলুক
 মহত্বের নব পথে,
 আপনার দীন দেশবাসী জনে
 তুলি লই যেন সাথে ।
 যাহা কিছু আছে দীনের সম্বল
 প্রাণের আকুল ভক্তি,
 তাই দিয়ে যেন পূজি মা তোমা
 চাহিনাকো মোরা মুক্তি ।
 চারিদিক আজ নিবিড় আঁধার
 আলোকের নাই রেখা,

ঘুরিয়া ঘুরিয়া হতাশ সবাই
 পথের নাহিকো রেখা ।
 করুণ-বিলাপ-মুখর পবন
 আঘাত করিছে প্রাণে,
 গুমরিয়া উঠে স্পন্দিত বেদন
 হৃদয়ের শতখানে ।
 অনশন-তাপে জ্বলিছে অঁঠর
 নিভেছে নয়ন-জ্যোতি,
 কাঁদিছে শতক পীড়িত কণ্ঠ
 চাহিয়া মোদের প্রতি ।
 প্রতি ঘারে ঘারে ফিরিয়া সকলে
 অঞ্জলি ভরিয়া অন্ন,
 পারি যেন দিতে তুলিয়া মুখেতে
 যুচাতে তাদের দৈন্ত ।
 (আজ) জ্ঞানের কণিকা লভিয়া তোমার
 আমাদের হৃদি পুণ্য,
 হটুক প্রকাশ পূর্ণ বিকারে
 কাষনা নাহিকো অন্ন ।
 শ্রীঅবলাকান্ত মজুমদার ।
 দ্বিতীয় বাষিক শ্রেণী, A শাখা ।

স্বাক্ষর